এসএসসি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

# হিসাববিজ্ঞান

বিষয় কোড : ১৪৬

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান — ৬০

*দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও।*
*১নং ও ২নং প্রশ্নসহ যে কোন ৬টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।*

## ক বিভাগ (বাধ্যতামূলক)

১. জনাব জাহাঙ্গীর আলমের ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের রেওয়ামিল।

**রেওয়ামিল ৩১.১২.২০১৪**

| ক্র. নং | হিসাবের নাম | খ. পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১. | ক্রয় ও বিক্রয় | | ৭৫,০০০ | ১,২৫,০০০ |
| ২. | দেনাদার ও পাওনাদার | | ২৫,০০০ | ২০,০০০ |
| ৩. | উত্তোলন ও মূলধন | | ২০,০০০ | ১,২০,০০০ |
| ৪. | বিমা সেলামি (১১ মাস) | | ১১,০০০ | |
| ৫. | বেতন (১৪ মাস) | | ২৮,০০০ | |
| ৬. | মজুদ পণ্য (১.১.২০১৪) | | ৩৫,০০০ | |
| ৭. | পরিবহন | | ৫,০০০ | |
| ৮. | ডক চার্জ | | ৬,০০০ | |
| ৯. | কমিশন | | ৫,০০০ | ২৭,০০০ |
| ১০. | বাট্টা | | ৬,০০০ | ৬,০০০ |
| ১১. | ব্যবসায়িক বাট্টা | | ৪,০০০ | ৬,০০০ |
| ১২. | ১০% সঞ্চয়পত্র | | ৩০,০০০ | |
| ১৩. | ব্যাংক চার্জ | | ৬,০০০ | |
| ১৪. | ৬% ঋণ | | | ৪০,০০০ |
| ১৫. | সুনাম | | ৬০,০০০ | |
| ১৬. | অনাদায়ী পাওনা | | ৩,০০০ | |
| ১৭. | আসবাবপত্র | | ৮০,০০০ | |
| ১৮. | ব্যাংক জমাতিরিক্ত | | | ৫৫,০০০ |
| | | | ৩,৯৯,০০০ | ৩,৯৯,০০০ |

**সমন্বয় :** (১) সমাপনী মজুদ পণ্য ৪০,০০০ টাকা। এর বাজারমূল্য ১০% কম; (২) দেনাদারের ২,০০০ টাকা আদায়যোগ্য নয়। অবশিষ্ট দেনাদারের ৫% অনাদায়ী পাওনা সঞ্চিতি ধর; (৩) আসবাবপত্রের ১০% অবচয় ধর এবং সুনামের $^1/_5$ অংশ অবলোপন কর।

ক. নিট স্থায়ী সম্পদের পরিমাণ নির্ণয় কর। ২

খ. মোট মুনাফার পরিমাণ নির্ণয় কর। ৪

গ. নিট মুনাফার পরিমাণ নির্ণয় কর। ৪

http://teachingbd.com

২. যতিন এন্ড ব্রাদার্সের ২০১৫ সালের জুন মাসের সমাপ্ত বছরের রেওয়ামিল :

**রেওয়ামিল ৩০.৬.২০১৫**

| ক্র. নং | হিসাবের নাম | খ. পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১. | প্রারম্ভিক মজুদ | | ৪৩,০০০ | |
| ২. | অতিরিক্ত মূলধন | | | ৩০,০০০ |
| ৩. | বিজ্ঞাপন (৫ বছর) | | ২০,০০০ | |
| ৪. | ইজারা সম্পত্তি (১০ বছর) | | ৫০,০০০ | |
| ৫. | সাধারণ সঞ্চিতি | | | ৩৫,০০০ |
| ৬. | উত্তোলন ও মূলধন | | ৩৩,০০০ | ১,২৩,০০০ |
| ৭. | ব্যাংক জমা | | ২৭,০০০ | |
| ৮. | ১০% বিনিয়োগ (১.১.১৫) | | ৪০,০০০ | |
| ৯. | শিক্ষানবিশ ভাতা | | ৫,০০০ | |
| ১০. | অব্যবহৃত মনিহারি | | ৩,০০০ | |
| ১১. | আসবাবপত্র বিক্রয়ের মুনাফা | | | ৪,০০০ |
| ১২. | ক্রয় ও বিক্রয় | | ৬৫,০০০ | ১,১৫,০০০ |
| ১৩. | যন্ত্রপাতি | | ৪০,০০০ | |
| ১৪. | পুঞ্জীভূত অবচয় (যন্ত্রপাতি) | | | ৫,০০০ |
| ১৫. | দেনাদার ও পাওনাদার | | ৫৫,০০০ | ৬৫,০০০ |
| ১৬. | বহিঃপরিবহন | | ৫,০০০ | |
| ১৭. | বাট্টা | | ৬,০০০ | ৭,০০০ |
| ১৮. | ভ্রমণ খরচ | | ৮,০০০ | |
| ১৯. | ১০% বন্ধকী ঋণ | | | ১৬,০০০ |
| | | | ৪,০০,০০০ | ৪,০০,০০০ |

**সমন্বয় :** (১) সমাপনী মজুদ পণ্য ৪৫,০০০ টাকা; (২) মূলধনের ওপর ১০% সুদ ধর; (৩) দেনাদারের ১০% অনাদায়ী পাওনা সঞ্চিতি ধর।

ক. উদ্দীপকের ব্যবসায়ের মোট মুনাফা ৫২,০০০ টাকা হলে মোট মুনাফা অনুপাত নির্ণয় কর। ২

খ. নিট মুনাফা নির্ণয় কর। ৪

গ. মালিকানাস্বত্ব ও চলতি অনুপাত নির্ণয় কর। ৪

## খ বিভাগ

৩. মিস মিনহা একজন চাকরিজীবী। তাঁর পরিবারের ২০১৪ সালের ১ জানুয়ারি তারিখের সম্পদ ও দায় যথাক্রমে ফ্ল্যাট বাড়ি ২০,০০,০০০ টাকা; আসবাবপত্র ৫,০০,০০০ টাকা; ব্যাংক ঋণ ৮,০০,০০০ টাকা। ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের প্রাপ্তি ও প্রদান

http://teachingbd.com

হিসাব নিম্নরূপ :

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| বেতন | ৪,০০,০০০ | খাদ্যসামগ্রী ক্রয় | ৫০,০০০ |
| কৃষি ফসল বিক্রয় হতে আয় | ৫০,০০০ | পোশাক ক্রয় | ৩০,০০০ |
| | | বাড়ি ভাড়া | ১,৪০,০০০ |
| | | ঋণের সুদ | ২০,০০০ |
| | | গহনা ক্রয় | ৬০,০০০ |
| | | ঋণ পরিশোধ | ৪০,০০০ |
| | | শিক্ষা ব্যয় | ৩০,০০০ |
| | | চিকিৎসা ব্যয় | ১০,০০০ |
| | | টেলিভিশন ক্রয় | ৪০,০০০ |
| | | উদ্বৃত্ত | ৩০,০০০ |
| | ৪,৫০,০০০ | | ৪,৫০,০০০ |

**সমন্বয় :** পরিবারের বাড়ি ভাড়া ৫,০০০ টাকা অপরিশোধিত রয়েছে।

ক. মিস সিনহার পারিবারিক তহবিল নির্ণয় কর। ২

খ. ৩১ ডিসেম্বর, ২০১৪ তারিখে সমাপ্ত বছরে তার পরিবারের আয়-ব্যয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. উক্ত তারিখে তার পরিবারের আর্থিক অবস্থার বিবরণী তৈরি কর। ৪

৪. কুমিল্লার শাপলা প্রিন্টার্স, জনতা ব্যাংক প্রধান কার্যালয় থেকে ৫,৬০০টি ডায়েরি প্রস্তুতের একটি কাজ পেল। উপরিউক্ত কাজের জন্য নিম্নোক্ত খরচগুলো হলো :

| বিবরণ | টাকা |
|---|---|
| কাগজ ক্রয় | ৭৫,০০০ |
| ছাপার কালি ক্রয় | ২৫,০০০ |
| প্রত্যক্ষ মজুরি | ১৩,০০০ |
| আঠা ও সুতা ক্রয় | ৫,০০০ |
| কারখানা ভাড়া | ১০,০০০ |
| কারখানার বিদ্যুৎ খরচ | ৩,৫০০ |
| অফিস ও প্রশাসনিক ব্যয় | ১২,০০০ |
| আপ্যায়ন খরচ | ১,৫০০ |

বিল আদায় খরচ দরপত্র উদ্বৃত্ত মূল্যের ২%

প্রতিটি ডায়েরির দরপত্র উদ্বৃত্ত মূল্য ৪০ টাকা।

ক. শাপলা প্রিন্টার্সের মুখ্য ব্যয় কত? ২

খ. শাপলা প্রিন্টার্সের প্রতিটি ডায়েরির উৎপাদন ব্যয় নির্ণয় কর। ৪

গ. শাপলা প্রিন্টার্সের প্রতিটি ডায়েরির লাভ বা ক্ষতি নির্ণয় কর। ৪

http://teachingbd.com

৫. মিস ফারিহার ব্যবসায়ে ২০১৫ সালের মার্চ মাসে নিম্নোক্ত লেনদেন সংঘটিত হয়।

| | | |
|---|---|---|
| মার্চ | ১ | জাফর ব্রাদার্স যশোর থেকে প্রতি কেজি ৫৫ টাকা দরে ৫ কুইন্টাল কাটারিভোগ চাল বাকিতে ক্রয় করে। কারবারি বাট্টা ৫%। চালান নং-৩২। শর্ত $^{2}/_{10}$ নিট ২৫। |
| " | ৫ | হামিদ ব্রাদার্স থেকে বাকিতে ২০,০০০ টাকার আসবাবপত্র ক্রয়। |
| " | ১০ | মনু এন্ড সন্স কুমিল্লা হতে প্রতি টন ২০,০০০ টাকা দরে ২ টন ডাল নগদে ক্রয়। কারবারি বাট্টা ১০%। |
| " | ১৫ | আজীজ ব্রাদার্স রংপুর থেকে প্রতি কুইন্টাল ৫,০০০ টাকা দরে ১০ কুইন্টাল মিনিকেট চাল বাকিতে ক্রয়। কারবারি বাট্টা ৫%। চালান নং-৩৫। শর্ত $^{3}/_{10}$ নিট ৩০। |
| " | ২০ | জাফর ব্রাদার্সের নিকট ৫০ কেজি চাল ফেরত দেওয়া হলো। |

ক. উপরিউক্ত লেনদেনের ভিত্তিতে ক্রয় জাবেদা প্রস্তুত কর। ২

খ. ক্রয় জাবেদা হতে সাধারণ খতিয়ান তৈরি কর। ৪

গ. সংশ্লিষ্ট পাওনাদারসমূহের সহকারী খতিয়ান হিসাব তৈরি কর। ৪

৬. জনাব পীযুষ কুমার ২০১৪ সালের ১ মে ঢাকার বেইলী রোডে থিয়েটার ব্যবসায় শুরু করেন। ব্যবসায় তিনি ৫,০০,০০০ টাকা বিনিয়োগ করেন। মে মাসে তাঁর ব্যবসায়ের অন্যান্য লেনদেনসমূহ নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| মে | ২ | থিয়েটারের ৩ মাসের ভাড়া অগ্রিম পরিশোধ ৯০,০০০ টাকা। |
| " | ৪ | থিয়েটারের প্রচারণা বাবদ ব্যয় ১৫,০০০ টাকা। |
| " | ৬ | থিয়েটারের জন্য চেয়ার, টেবিল ক্রয় ৩০,০০০ টাকা। |
| " | ৭ | মঞ্চ নির্মাণ ও সাজসজ্জা বাবদ ব্যয় ৫০,০০০ টাকা। |
| " | ১২ | শিল্পী ও কলাকুশলিদের আপ্যায়ন খরচ ২,০০০ টাকা। |
| " | ১৫ | থিয়েটারের নাটক প্রদর্শনের টিকিট বিক্রয় ৮০,০০০ টাকা। |
| " | ১৮ | শিল্পীদের সম্মানী প্রদান ২৫,০০০ টাকা। |
| " | ২৫ | ইলেকট্রিক বিল পরিশোধ ৩,০০০ টাকা। |
| " | ২৮ | থিয়েটার কর্মীদের বেতন প্রদান ১২,০০০ টাকা। |

ক. জনাব পীযুষ কুমারের মূলধন ও সেবা আয়ের পরিমাণ কত? ২

খ. মে ২, ৬, ১৫ ও ১৮ তারিখের লেনদেনের ভিত্তিতে সাধারণ জাবেদা দাখিলা দাও। ৪

গ. উপরিউক্ত লেনদেনের ভিত্তিতে নগদ প্রদান জাবেদা তৈরি কর। ৪

৭. মিস সাদিয়ার ব্যবসায়ের ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে খতিয়ান হিসাব উদ্বৃত্তসমূহ নিম্নরূপ :

বিক্রয় ১,০০,০০০ টাকা; উত্তোলন ৫০,০০০ টাকা; প্রাপ্য বিল ৩০,০০০ টাকা; প্রদেয় বিল ২৫,০০০ টাকা; সাধারণ সঞ্চিতি ৫,০০০ টাকা; নগদ তহবিল (১.১.১৪) ৬,০০০ টাকা; মজুদ পণ্য (১.১.১৪) ৪০,০০০ টাকা; অনাদায়ী পাওনা ৫,০০০ টাকা; অনাদায়ী পাওনা সঞ্চিতি ৩,০০০ টাকা; দালানকোঠা ৪৫,০০০ টাকা; দেনাদার

৩০,০০০ টাকা; পাওনাদার ২৫,০০০ টাকা; বেতন ৫,০০০ টাকা; শিক্ষানবিশ সেলামি অগ্রিম ৩,০০০ টাকা; ব্যাংক জমাতিরিক্ত ২,০০০ টাকা; নগদ তহবিল (৩১.১২.১৪) ১০,০০০ টাকা; বিমা ৮,০০০ টাকা; মজুদ পণ্য (৩১.১২.১৪) ৩৫,০০০ টাকা।

ক. যেসব খতিয়ান উদ্বৃত্ত রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না তা নির্ণয় করে পরিমাণ নির্ণয় কর। ২

খ. রেওয়ামিলটি প্রস্তুত করে মিস সাদিয়ার ব্যবসায়ের মূলধনের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. মূলধনজাতীয় ব্যয়, মুনাফা জাতীয় ব্যয়, মুনাফাজাতীয় আয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

৮. মি. আশীষ কুমার চক্রবর্তী একজন ব্যবসায়ী। ২০১৪ সালের ডিসেম্বর মাসে তার ব্যবসায়ে নিম্নলিখিত ঘটনাগুলো সংঘটিত হয়েছে।

| | | |
|---|---|---|
| ডিসে. | ১ | ২০,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করেন। |
| " | ৩ | জনতা ব্যাংকে ৫,০০০ টাকা জমা দিয়ে একটি হিসাব খোলা হলো। |
| " | ৫ | ধারে পণ্য ক্রয় ৫,০০০ টাকা। |
| " | ১০ | নগদে পণ্য বিক্রয় ১৫,০০০ টাকা। |
| " | ১৫ | ব্যাংক হতে ব্যক্তিগত প্রয়োজনে ঋণ গ্রহণ ১০,০০০ টাকা। |
| " | ১৫ | ৩০,০০০ টাকার আসবাবপত্র ক্রয়ের ফরমায়েশ প্রদান। |
| " | ২০ | বাকিতে ক্রয়কৃত পণ্য ফেরত দেওয়া হলো ৫,০০০ টাকা। |

ক. ব্যবসায়িক লেনদেন নয় এমন ঘটনা চিহ্নিত করে মোট পরিমাণ নির্ণয় কর। ২

খ. ঘটনাসমূহ হতে লেনদেন চিহ্নিত করে সমীকরণ পদ্ধতিতে তার কারণ ব্যাখ্যা কর। ৪

গ. লেনদেনসমূহ হিসাবের পক্ষ নির্ণয় করে হিসাবের শ্রেণিবিভাগ নির্ণয় কর। ৪

৯. মিস আনিষার ব্যবসায়ের সংঘটিত লেনদেনসমূহ নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| মার্চ | ১ | নগদ ১,০০,০০০ টাকা ব্যবসায়ে বিনিয়োগ। |
| " | ২ | ব্যাংকে জমা দেওয়া হলো ৩০,০০০ টাকা। |
| " | ৫ | বাকিতে পণ্য ক্রয় ২০,০০০ টাকা। |
| " | ১০ | ক্রয়কৃত পণ্য ফেরত দেওয়া হলো ৫,০০০ টাকা। |
| " | ১৫ | আসবাবপত্র ক্রয় করা হলো ১৫,০০০ টাকা। |
| " | ২০ | কর্মচারীর বেতন পরিশোধ ১০,০০০ টাকা। |
| " | ৩০ | পণ্য বিক্রয় ৪০,০০০ টাকা। |
| " | ৩১ | ব্যক্তিগত প্রয়োজনে ব্যাংক থেকে উত্তোলন ৫,০০০ টাকা। |

ক. মালিকানাস্বত্বের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ১, ৫, ১০ ও ৩১ তারিখের লেনদেনসমূহ হিসাব সমীকরণের উপাদান কীভাবে প্রভাবিত হয়েছে তা দেখাও। ৪

গ. ২, ১৫, ২০ ও ৩০ তারিখের লেনদেনসমূহের কারণসহ ডেবিট ও ক্রেডিট নির্ণয় কর। ৪

http://teachingbd.com

# হিসাববিজ্ঞান : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ বিষয় কোড : ১৪৬

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. **হিসাববিজ্ঞান মানুষের সততা ও দায়িত্ববোধ বিকাশের মাধ্যম কী সৃষ্টি করে?**
ক মূল্যবোধ খ জনাবদিহিতা
গ নায়াপরায়ণতা ঘ আর্থিক সচ্ছলতা

২. **কোনটির জন্য মানুষের অর্থনৈতিক কার্যক্রম বিকাশ লাভ করে?**
ক বিনিময় প্রথা খ মুদ্রার প্রচলন
গ প্রযুক্তির উন্নয়ন ঘ নতুন পদ্ধতির প্রবর্তন

৩. **দু'তরফা দাখিলা পদ্ধতির উৎপত্তিকাল কোনটি?**
ক ১৪৯৪ খ ১৪৪১
গ ১৪৪৯ ঘ ১৯৯৪ খ্রিস্টাব্দ

৪. **ব্যবসায় প্রতিষ্ঠান মালিক থেকে সম্পূর্ণ পৃথক বিবেচনা করা হয় কোন নীতিতে?**
ক চলমান প্রতিষ্ঠান নীতি
খ ব্যবসায়িক সত্তানীতি
গ রক্ষণশীলতার নীতি
ঘ হিসাবকাল ধারণা নীতি

৫. **চালানে উল্লেখ থাকে–**
i. পণ্যের পরিমাণ ও দর
ii. মূল্য পরিশোধের শর্ত
iii. ক্রেতা ও বিক্রেতার স্বাক্ষর
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

৬. **কোন ছকে হিসাবের জের জানার জন্য কোন সময়ের প্রয়োজন হয় না?**
ক সনাতন ছক খ T ছক
গ চলমা জের ছক ঘ বিবরণী ছক

৭. **উত্তোলন হিসাব কোন ধরনের হিসাব?**
ক সম্পদ খ আয়
গ ব্যয় ঘ মালিকানাস্বত্ব

৮. **নগদান বই হলো–**
i. প্রাথমিক বই
ii. দৈনন্দিন বই
iii. খতিয়ান
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৯. **হিসাব সমীকরণ কোনটি?**
ক দায় = সম্পত্তি + স্বত্বাধিকার
খ সম্পত্তি = দায় + স্বত্বাধিকার
গ মূলধন = সম্পত্তি + দায়
ঘ ডেবিট = ক্রেডিট

১০. **একটি পুরাতন মোটরগাড়ি মেরামত ব্যয় কোন ধরনের ব্যয়?**
ক মূলধন জাতীয় খ মুনাফা জাতীয়
গ মূলধনায়িত ঘ বিলম্বিত মুনাফা জাতীয়

১১. **দেনাদার ২০,০০০ টাকা, নতুন কুঋণ ৩০০০ টাকা হইলে ৫% হারে কুঋণ সঞ্চিতির পরিমাণ কত টাকা?**
ক ১০০০ টাকা খ ২০০০ টাকা
গ ৮৫০ টাকা ঘ ৯৫০ টাকা

১২. **আদর্শ চলতি অনুপাত কোনটি?**
ক ১ : ১ খ ২ : ১
গ ২.৫ : ১ ঘ ৩ : ১

১৩. **গ্রাহকের নিকট হতে বিলে স্বীকৃত পেলে কোথায় লিখা হয়?**
ক বিশেষ জাবেদা খ সাধরণ জাবেদা
গ প্রকৃত জাবেদা ঘ ক্রয় জাবেদা

১৪. **যন্ত্রপাতি ক্রয়কে ক্রয় হিসাবে হিসাবভুক্ত করলে এটি কী জাতীয় ভুল?**
ক করণিক ভুল খ নীতিগত ভুল
গ পরিপূরক ভুল ঘ লেখার ভুল

■ **নিচের উদ্দীপকটি পড় এবং ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব কামরান তার কারখানা স্থাপনের জন্য ১০,০০,০০০ টাকা দিয়ে একটি জমি ক্রয় করেন। জমিটি কারখানা স্থাপনের অনুপযুক্ত হওয়ায় পুনরায় ১০,৫০,০০০ টাকায় বিক্রয় করে দিলেন।

১৫. **উপরোক্ত তথ্য অনুযায়ী মোট মূলধন জাতীয় প্রাপ্তি কত টাকা?**
ক ৫০,০০০ টাকা খ ১,২৫,০০০ টাকা
গ ১,৫০,০০০ টাকা ঘ ১০,৫০,০০০ টাকা

১৬. **মি. কামরানের মূলধন জাতীয় আয় কত টাকা?**
ক ১,২৫,০০০ টাকা খ ৫০,০০০ টাকা
গ ১,৫০,০০০ টাকা ঘ ১০,০০,০০০ টাকা

১৭. **নগদে মাল ক্রয় করা হলো ১০,০০০ টাকা। এই লেনদেনের ফলে–**
i. খরচ বৃদ্ধি পেল
ii. নগদ টাকা হ্রাস পেল
iii. সম্পদের ও মালিকানা স্বত্বের পরিবর্তন হলো
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ i ঘ i, ii ও iii

১৮. **কোনটি অগ্রিম খরচ?**
ক অগ্রিম বেতন
খ অগ্রিম শিক্ষানবিশ সেলামী
গ অগ্রিম উপভাড়া
ঘ অগ্রিম বিনিয়োগের সুদ

teachingbd.com

http://teachingbd.com

১৯. **কোনটি প্রত্যক্ষ খরচ?**
ক মজুরি খ বেতন
গ কমিশন ঘ অফিস খরচ

২০. **শিক্ষানবিশ সেলামি একটি–**
ক প্রত্যক্ষ পরিচালন আয় খ পরোক্ষা পরিচালন আয়
গ অপরিচালন আয় ঘ ব্যয়

২১. **উৎপাদন ব্যয় যে সকল ব্যয়ের সমষ্টি তা হলো–**
i. মুখ্য ব্যয়
ii. প্রশাসনিক উপরিব্যয়
iii. কারখানা উপরিব্যয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২২. **পারিবারিক আয়ের কত অংশ শিক্ষাখাতে ব্যয় করা যেতে পারে?**
ক ১০%-১৫% খ ১৫%-২০%
গ ২০%-২৫% ঘ ৩০%-৪০%

২৩. **ট্রেডমার্ক কী?**
ক আয় খ দায়
গ সম্পদ ঘ ব্যয়

২৪. **ক্যাশ বাক্স থেকে ভিক্ষুককে ৫০ টাকা দেয়া হলে হিসাব সমীকরণের কী পরিবর্তন হবে?**
ক A ও E খ A ও L
গ L ও E
ঘ A দুবার পরিবর্তন হবে

২৫. **আয়কর প্রধান ৫০০০ টাকা এর সঠিক জাবেদা কোনটি?**
ক উত্তোলন হিসাব-Dr আয়কর হিসাব-Cr
খ নগদান হিসাব Dr, উত্তোলন হিসাব-Cr
গ আয়কর হিসাব-Dr নগদান হিসাব Cr
ঘ উত্তোলন হিসাব-Dr আয়কর হিসাব-Cr

২৬. **ক্রয়কৃত পণ্যের দামের সাথে প্রত্যক্ষ খরচ যোগ করলে কী পাওয়া যায়?**
ক বিক্রয় মূল্য খ ক্রয় মূল্য
গ মোট মূল্য ঘ মোট ব্যয়

২৭. **পরিবারের আয় ব্যয়ের অর্থনৈতিক পরিকল্পনাকে কী বলে?**
ক পারিবারিক তহবিল খ পারিবারিক বাজেট
গ পারিবারিক হিসাব
ঘ পারিবারিক আর্থিক হিসাব

২৮. **প্রশাসনিক উপরিব্যয় হলো–**
i. বিজ্ঞাপন
ii. ব্যবস্থাপকের বেতন
iii. টেলিফোন বিল
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৯. **চেক মারফত কোন পাওনা আদায় হলে ডেবিট হবে কোনটি?**
ক ব্যাংক হিসাব খ চেক হিসাব
গ পাওনাদার হিসাব ঘ নগদান হিসাব

৩০. **মালিক কর্তৃক প্রদত্ত অর্থ ব্যবসায়ের জন্য কী?**
ক সম্পদ খ দায় গ আয় ঘ ব্যয়

**নিচের উদ্দীপকটি পড় এবং ৩১ ও ৩২ নং প্রশ্নের উত্তর দাও :**
আলো এন্টারপ্রাইজ-এর রেওয়ামিলে বিজ্ঞাপনের পরিমাণ ২৫,০০০ টাকা, যা ৫ বছরের জন্য প্রযোজ্য।

৩১. **আলো এন্টারপ্রাইজ-এর চলতি সালের বিজ্ঞাপন ব্যয় কত?**
ক ৫,০০০ খ ২০,০০০
গ ২৫,০০০ ঘ ১৫,০০০ টাকা

৩২. **সংশ্লিষ্ট বছরে বিলম্বিত বিজ্ঞাপন কত?**
ক ৫০০০ খ ২০,০০০ টাকা
গ ২৫,০০০ টাকা ঘ ১৫,০০০ টাকা

৩৩. **কোনটি বিপরীত দাখিলা পদ্ধতি বহির্ভূত?**
ক ব্যাংক হতে টাকা তুললে
খ ব্যাংকে টাকা জমা দিলে
গ অফিসের প্রয়োজনে ব্যাংক হতে টাকা তুললে
ঘ কারবার থেকে টাকা তুললে

৩৪. **দুই ঘরা নগদান বইতে কয়টি কলাম থাকে?**
ক ১০টি খ ১১টি গ ১২টি ঘ ১৩টি

৩৫. **নগদান বইয়ে ব্যাংক কলামের ক্রেডিট জের কী নির্দেশ করে?**
ক ব্যাংক জমাতিরিক্ত উত্তোলন
খ ব্যাংক জমার উদ্বৃত্ত
গ ব্যাংক জমা ঘ ব্যাংক প্রাপ্তি

৩৬. **কোনটি কারবারের আর্থিক অবস্থা প্রদর্শন করে?**
ক জাবেদা খ খতিয়ান
গ রেওয়ামিল ঘ আর্থিক অবস্থার বিবরণী

৩৭. **হিসাববিজ্ঞানকে বলা হয়–**
ক ব্যবসায়ের চালিকাশক্তি খ ব্যবসায়ের পরিভাষা
গ ব্যবসায়ের দর্পণ ঘ ব্যবসায়ের ভাষা

৩৮. **সরকরের আয়ের উৎস হলো–**
i. ভ্যাট
ii. কাস্টমস ডিউটি
iii. আয়কর
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

৩৯. **ক্রয় জাবেদার উৎস দলিল কোনটি?**
ক ডেবিট নোট খ ক্রেডিট নোট
গ চালান ঘ ভাউচার

৪০. **হিসাব তথ্যের অভ্যন্তরীণ ব্যবহারকারী কে?**
ক ব্যস্থাপক খ বিনিয়োগকারী
গ পাওনাদার ঘ সরকার

http://teachingbd.com